

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

মনিটরিং প্রতিবেদন

০৬/১১/২০২১ খ্রি: তারিখে জাতীয় মহিলা সংস্থা কর্তৃক বাস্তবায়নধীন গার্মেন্টস ও কারখানার নারী শ্রমিকদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার (২০টি সেন্টার) কর্মসূচি ঢাকা জেলাস্থ শেওড়াপাড়া ডে-কেয়ার কেন্দ্র মনিটরিং / পরিদর্শন করি। পরিদর্শনকালে জাতীয় মহিলা সংস্থার সহকারী পরিচালক জনাব এ.কে.এম ইয়াহিয়া, প্রকল্প কর্মকর্তা ভারতী বিশ্বাস, ঢাকা জেলা কার্যালয়ের জেলা কর্মকর্তা লায়লা আরজুমান, কেরানীগঞ্জ ডে-কেয়ার সেন্টারের ডে-কেয়ার ইনচার্জ শিল্পি আনঞ্জুমান আরা ও ডে-কেয়ার সেন্টারের অন্যান্য কর্মকর্তা / কর্মচারী উপস্থিত ছিলেন। পরিদর্শন পূর্বক নিম্নোক্ত পরিদর্শন প্রতিবেদন দাখিল করা হলো:

২। কর্মসূচির আওতায় জনবলের বিবরণ: কর্মসূচির অনুমোদিত পিপিএনবি মোতাবেক নিম্নোক্ত জনবল কর্মরত রয়েছে-

- ক) হালিমা আক্তার - ডে-কেয়ার ইনচার্জ।
- খ) হাফসা করিম - স্বাস্থ্য সহকারী কাম শিক্ষিকা।
- গ) মোঃ মিজানুর রহমান - কেয়ার টেকার।
- ঘ) সুমি আক্তার - ডে-কেয়ার সাহাযক।
- ঙ) আসমা আক্তার - ডে-কেয়ার সাহাযক।

এছাড়া পরিষ্কার পরিচ্ছন্নতা খাতের আওতায় স্বল্প পারিশ্রমিকে একজন পরিচ্ছন্নতা কর্মী এবং একজন কুক নিযুক্ত রয়েছে।

৩। সুবিধাভোগী শিশুদের গড় সংখ্যা:
গড় উপস্থিতি ৩০ জন।

৪। কর্মসূচির মোট বরাদ্দ ও ব্যয়ের বিবরণ:

ডে-কেয়ার ইনচার্জ এই কেন্দ্রের রেজিস্টারসমূহ প্রদর্শন করেন। রেজিস্টার পর্যালোচনায় দেখা যায়, ২০২১-২০২২ অর্থ বছরের পিপিএনবি অনুযায়ী জুলাই ২০২১ থেকে সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত ০৩ মাসে উক্ত কেন্দ্রে অফিস ভাড়া, খাবার বিল, পারিশ্রমিকসহ বিভিন্ন খাতে সর্বমোট ৫,৪৯,৫৩৬/- (পাঁচ লক্ষ উনপঞ্চাশ হাজার পাঁচশত ছত্রিশ) টাকা বরাদ্দ দেয়া হয়েছে। উক্ত বরাদ্দের বিপরীতে ব্যয় হয়েছে ৫,৪৯,৫৩৬/- (পাঁচ লক্ষ উনপঞ্চাশ হাজার পাঁচশত ছত্রিশ) টাকা। কর্মসূচির মোট খাতওয়ারী প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ যথাসময়ে যথাযথভাবে আর্থিক বিধিবিধান অনুযায়ী খাতওয়ারী ব্যয় করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া প্রতিটি ব্যয়ের বিপরীতে বিল ভাউচার সংরক্ষন, স্টকরেজিস্টার, ক্যাশ বুক ও ব্যাংক হিসাব এ লিপিবদ্ধ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তাছাড়া শিশুদের ভর্তি ফি ও সার্ভিস চার্জের আদায়কৃত অর্থ রেজিস্টারে লিপিবদ্ধ করত: যথাসময়ে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করার পরামর্শ প্রদান করা হয়েছে।



৫। কর্মসূচির বাস্তব অগ্রগতি:

শেওড়াপাড়া ডে-কেয়ার সেন্টারের ইনচার্জ জানান যে, লিখিত পরিকল্পনা (মেন্যু) অনুযায়ী ডে-কেয়ার সেন্টারে সকালের নাস্তা, দুপুরের খাবার এবং বিকেলের নাস্তা পরিবেশন করা হয়। ডে-কেয়ার সেন্টারের শিশুদের অভিভাবকদের নিয়ে দুই মাস অন্তর মতবিনিময় সভা আহ্বান পূর্বক অভিভাবকদের মতামত শোনা হয়। ডে-কেয়ার সেন্টারের শিশুদের বিনামূল্যে স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে প্রতি দুই মাস অন্তরে একজন এমবিবিএস ডাক্তার দ্বারা চিকিৎসা প্রদান করা


৬। সুপারিশ / মতামত:

এই ডে-কেয়ার সেন্টারটিতে পরিবেশিত রান্না করা খাবারের মান ভাল মনে হয়েছে। শিশুদের হাসিখুশি দেখা গেছে। প্রত্যেকের স্বাস্থ্য মোটামুটি ভাল। পরিবেশ বেশ পরিচ্ছন্ন। ডে-কেয়ার সেন্টারের প্রতিটি ব্যয়ের রেজিস্টার আছে। এগুলি হালনাগাদ রাখার পরামর্শ দেয়া হ'ল। এছাড়াও ফ্লোরমেট নষ্ট হয়েছে বিধায় পরিবর্তনের পরামর্শ দেয়া হ'ল। এছাড়াও আরও ভাল ব্যবস্থাপনার জন্য নিম্নোক্ত সুপারিশসমূহ প্রদান করা হয়েছে:

- ১) কর্মগুলো পরিষ্কার পরিচ্ছন্নতা সহ সব সময় দরজা জানালা উন্মুক্ত রাখতে হবে।
- ২) ডে-কেয়ার সেন্টার এর কার্যক্রম সংক্রান্ত রেজিস্টারগুলো হালনাগাদ করতে হবে।
- ৩) Parents Day এবং অন্যান্য দিবসগুলো পালনকালে জাতীয় মহিলা সংস্থাকে অবহিত করতে হবে এবং Parents Day তে বাবা মায়ের প্রতিক্রিয়া রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।
- ৪) খাবারের মান ঠিক রাখাসহ পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে।
- ৫) শিশুদের নিরাপত্তার দিকে বিশেষ খেয়াল রাখার জন্য পরামর্শ দেওয়া হলো।

৭। অভিমত:

ঢাকা জেলার শেওড়াপাড়া এলাকায় অবস্থিত গার্মেন্টস ও কারখানার নারী শ্রমিকদের সন্তানদের জন্য ডে-কেয়ার সেন্টার (২০টি সেন্টার) কর্মসূচির আওতায় পরিচালিত শেওড়াপাড়া ডে-কেয়ার সেন্টারে অবস্থান, পরিবেশগত অবস্থা, সুবিধাভোগী শিশুদের খাবার ব্যবস্থা, প্রাক প্রাথমিক শিক্ষা ব্যবস্থা, প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান, ইনডোর গেইমস ও ডে-কেয়ার সেন্টারে দিবাকালীন সেবা প্রদান কার্যক্রম মোটামুটিভাবে সন্তোষজনক বিবেচিত হয়। পরিষ্কার পরিচ্ছন্নতা, অফিস ব্যবস্থাপনা কার্যক্রম এবং শিশুদের প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যাসহ সার্বিক বিষয়ে উন্নয়নের দিকে লক্ষ্য রাখার জন্য ডে-কেয়ার সেন্টারে কর্মরত কর্মচারীদের এবং স্থানীয় ডে-কেয়ার সেন্টার বাস্তবায়ন কমিটিকে সচেতন হওয়ার পরামর্শ দেয়া হলো।


১১/১১/২০২১
(সাকিউন নাহার বেগম এনডিসি)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় মহিলা সংস্থা।